গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিসেম্বর, ২০২১ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বেগম মন্নুজান সুফিয়ান<br>প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ২৬ জানুয়ারি, ২০২২ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। তিনি চলমান এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সমাপ্ত করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৯টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৭টি বিনিয়োগ ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১৮০৭৩.০০ লক্ষ (জিওবি ১২৩৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৭২৩.৯৯ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। এডিপি বরাদ্দের বিপরীতে জানুয়ারি, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৩৬৬.০৭ লক্ষ (জিওবি ৫২৪৩.৩৯ লক্ষ ও প্রকল্প সাহায্য ২১৯৮.৩৭ লক্ষ) টাকা, যা বরাদ্দের ২৪.১৬ % (জিওবি ১৭.৫৬% ও প্রকল্প সাহায্য ৩৮.৪২%)। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

০২. গত সভার এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী অনুমোদনঃ

সভায় গত ৩০/১২/২০২১ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ডিসেম্বর, ২০২১ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। এতে সংশোধনী বা পরিমার্জন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয়।

## ০৩. প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি:

সভায় চলমান প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক অগ্রগতি উপস্থাপন করা হয়।

### ৩.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:

উপসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২৭.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ০.৯০%। প্রকল্পটির ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৫৫.৭৯ লক্ষ টাকা (আর্থিক: ০.৭১%, ভৌত: ৮%)। প্রকল্পের সভাকে জানান যে, অধিকাংশ এনজিও ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের জরিপ সম্পন্ন হয়েছে এবং জরিপ রিপোর্ট ইতোমধ্যে প্রদান করেছে। তিনি জনবল নিয়োগের বিষয়ে আরো জানান যে, প্রকল্প কর্তৃক নিয়োগ প্রদানকৃত জনবলের ১৩ জন-কে নিয়োগ পত্র প্রদান করা হয়েছে তার মধ্যে ১০ জন জানুয়ারি মাসে যোগদান করছে। প্রকল্পটির ৩য় পিএসসি সভা গত ২৬ জানুয়ারি, ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের  জরিপের তথ্যের উপর ভিত্তি করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা অনুযায়ী ০৬ মাস মেয়াদী উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শুরু করা হলেও ২১, জানুয়ারি ২০২২ তারিখে কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে তা

স্থগিত রয়েছে। কর্মপরিকল্পনা পরবর্তীতে ০৪ মাস মেয়াদী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। দেশের ১৪টি এলাকায় প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। জরিপ প্রতিবেদন যাচাই বাছাইয়ের জন্য মন্ত্রণালয় হতে একটি কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয় ও এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেয়া হয়। সভায় প্রকল্প বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**৩.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের জরিপ সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং দাখিলকৃত প্রতিবেদন যাচাই বাছাইয়ের জন্য একটি কমিটি গঠন করতে হবে;

খ. প্রকল্পের জনবল দ্রুত নিয়োগ প্রদান করে কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুত মূল কার্যক্রম শুরু করতে হবে এবং

গ. পিআইসি ও পিএসসি সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।**

**৩.২ প্রোমোটিং সোস্যাল ডায়ালগ এন্ড হারমোনিয়াস ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস ইন বাংলাদেশ রেডি-মেইড গার্মেন্ট ইন্ডাস্ট্রি শীর্ষক প্রকল্প :**

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৬ হতে জুন ২০২১ মেয়াদে আইএলও কর্তৃক মন্ত্রণালয়ের আইএলও অনুবিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ) এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ৬৮০.২৬ লক্ষ টাকা অবমুক্তি ও ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৩৫.৮১%। প্রকল্পটির ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫৪৮৬.২৬ লক্ষ টাকা। সভায় জানানো হয় যে, প্রকল্পের সংশোধিত টিএপিপি গত ১৮/১২/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং পরিকল্পনা কমিশনে কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের টিএপিপি-তে নির্ধারিত কমিটিসমূহের সভা যথাসময়ে আহ্বান করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।

**৩.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির টিএপিপি দ্রুত সংশোধনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে;

খ. PAC এবং PCC কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং

**বাস্তবায়ন: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও।**

**৩.৩ তৈরী পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প:**

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২০৩৫৮.৩৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩৮২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ১৫১৮.১১ লক্ষ টাকা অর্থছাড়/অবমুক্ত এবং ব্যয় হয়েছে, যা বরাদ্দের ২৬.২১%। প্রকল্পটির ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৫২২৪.৮৩ লক্ষ টাকা। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৭২.২৫%। প্রকল্পের ডিপিপি/টিএপিপি-তে নির্ধারিত কমিটিসমূহের সভা যথাসময়ে আহ্বান করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৩.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের PAC সভা নিয়মিত আয়োজন করতে হবে;

খ. কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প কাজ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও**

**৩.৪ রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা (এসকেএস) কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা এবং ২০২১-২২

অর্থ বছরে এডিপি-তে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ১২০০.০০ লক্ষ টাকা অর্থ অবমুক্ত এবং ৩৭৭.৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫৩৭৯.৭০ লক্ষ টাকা (আর্থিক: ৮১.০৮%ও ভৌত: ৯৫%)। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ৪র্থ কিস্তি অর্থ অবমুক্তির জিও জারি করা হয়েছে এবং দাখিলকৃত বিলসমূহ দ্রুত পরিশোধের ব্যবস্থা নিতে হবে। তিনি আরো জানান যে, প্রকল্পের পিসিআর তৈরির কাজ চলমান রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**৩.৪.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের দাখিলকৃত বিলসমূহ দ্রুত পরিশোধের ব্যবস্থা নিতে হবে এবং

খ. দ্রুত সময়ের মধ্যে প্রকল্পের পিসিআর প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা, প্রকল্প পরিচালক, সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৫ নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে মহিলা হোস্টেল এবং শ্রম কল্যান কেন্দ্র নির্মান প্রকল্প (১ম সংশোধিত):**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ২০৭.৫০ লক্ষ টাকা অর্থ ছাড় এবং ০.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ০.০৯%। প্রকল্পটির ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯৩৩৯.০২ লক্ষ টাকা (আর্থিক: ৮১.৯১%, ভৌত: ৮৭%)। প্রকল্পটির নারায়নগঞ্জ অংশের কাজ যথাসময়ে শেষ করা সম্ভব হলেও চট্টগ্রাম কালুরঘাট অংশের কাজ সম্পূর্ণ করার জন্য আরো ০৬ মাস সময় প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতাসহ একটি প্রস্তাব এ মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধিপূর্বক কর্মপরিকল্পনা অনুযায়ী সুষ্ঠভাবে দ্রুত প্রকল্প সমাপ্তির জন্য সভায় দিকনির্দেশনা প্রদান করা হয়।

**৩.৫.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

খ. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)।**

**৩.৬ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ১২.১৫ লক্ষ টাকা অর্থ ছাড় হলেও কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পটির ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা (আর্থিক: ৩৫% এবং ভৌত: ৫৮%)। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ৩য় তলার ছাদ ঢালাইল সম্পন্ন হয়েছে এবং ৪র্থ তলার ছাদ ঢালাই চলমান রয়েছে। তিনি আরো জানান যে, এনইসি সভার সিদ্ধান্ত মতে প্রকল্পটি আবশ্যিকভাবে জুন ২০২২ এর মধ্যে সমাপ্তির নির্দেশনা রয়েছে। প্রকল্পটির অবশিষ্ট কাজ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রকল্প সমাপ্ত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৩.৬.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির অর্থছাড় ও বিল পরিশোধ যথাসময়ে সম্পন্ন করতে হবে;

খ. প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৭ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৯৪৩.৮৬ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ২৬৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তার বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ১৩০৩.৭৪ লক্ষ টাকা অবমুক্ত এবং ৮১২.২৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ৩০.২৬%। প্রকল্পটির ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৩৮৮.১৮ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ১৯.৮১%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, ০৪ টি জেলায় জমি অধিগ্রহণ কাজ চলমান রয়েছে। প্রকল্পটির ডিপিপি বিধিমোতাবেক মন্ত্রণালয় পর্যায়ে সংশোধন ও মেয়াদ বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**৩.৭.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের ডিপিপি সংশোধন ও মেয়াদ বৃদ্ধির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

খ) প্রকল্পের অবশিষ্ট অর্থছাড় ও ব্যয় যথাসময়ে সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক ।**

**৩.৮ রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর কারেক্টিভ একশন প্লান (ক্যাপ) বাস্তবায়ন প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৪১২.০০ লক্ষ টাকা বরাদ্দেছে। বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ২০৪.০০ লক্ষ টাকা অর্থছাড় এবং ১৪১.৭৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৩৪.৪১%। ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ১৮০৮.১৮ লক্ষ টাকা যার ভৌত অগ্রগতি ৯৫%। প্রকল্পের পিসিআর মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের অব্যয়তি অর্থ পুনঃউপযোজনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় দিকেনির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে ও যথাযথভাবে সম্পন্ন করায় প্রকল্প পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

**৩.৮.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের অব্যয়তি অর্থ পুনঃউপযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ. ২০২১-২২ অর্থবছরে সমাপ্ত প্রকল্প হিসেবে অবশিষ্ট কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন: পরিকল্পনা-৩ শাখা।**

**৩.৯ নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা । ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৬৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ৮২১.০০ লক্ষ টাকা অর্থছাড় ও ৮০৮.৫১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৫৮.০৪%। প্রকল্পটির ডিসেম্বর/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২০৭৫.৩৩ লক্ষ টাকা। ভৌত অগ্রগতি ৫৮.০৪%। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অভহিত করেন যে, প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত হবে। অডিট সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তিপূর্বক যথাসময়ে পিসিআর প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৩.৯.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে;

খ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

গ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রদান করতে হবে।

**বাস্তবায়ন: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা ও প্রকল্প পরিচালক।**

**০৪. ২০২১-২২ অর্থবছরের সংশোধিত এডিপি প্রণয়নঃ**

সভায় জানানো হয় ২০২১-২২ অর্থ বছরে এডিপি তে সুপারিশকৃত অননুমোদিত নতুন ০৭ টি প্রকল্প রয়েছে। এর মধ্যে ০৩ টি শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত এবং ০৪ টি ডাইফ কর্তৃক প্রস্তাবিত। এ প্রকল্পগুলোর মধ্যে ০৪টি উচ্চ অগ্রাধিকার এবং ০৩ টি মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প। তবে ২০২১-২২ সংশোধিত এডিপি প্রণয়ের কাজ শুরু হয়েছে। এক্ষেত্রে সবুজ পাতায় অন্তর্ভুক্ত ৭ টি প্রকল্প সহ মোট ১৫ টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এর মধ্যে শ্রম অধিদপ্তর কর্তৃক ১০ টি এবং ডাইফ কর্তৃক ০৫ টি প্রকল্প রয়েছে। প্রকল্প সমূহের ডিপিপি প্রচলিত বিধিবিধান অনুসরণ পূর্বক দ্রুত প্রণয়ন এবং পিইসি সভার সিদ্ধান্তসমূহ প্রতিপালন করে সংশোধিত ডিপিপি দুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে জারীকৃত নির্দেশনা মেনে যথাসময়ে এএমএস সফটওয়্যারে (http://adp.plancomm.gov.bd) এন্ট্রির যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**৪.১ সিদ্ধান্ত:** প্রকল্পসমূহের ডিপিপি দুত প্রেরণ এবং এএমএস ডাটাবেজে এন্ট্রির মাধ্যমে আরএডিপি-তে অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা।**

**০৫. সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর প্রদান বিষয়ক:**

আইএলও কর্তৃক বাস্তবায়িত EIIS প্রকল্প, EIPS প্রকল্পের পিসিআর, শ্রম অধিদপ্তর আওতাধীন ০৬টি জেলা কার্যালয় পুনর্নির্মাণ প্রকল্প, শ্রম ভবন নির্মান প্রকল্প, ঘাগড়া হোস্টেল নির্মাণ প্রকল্প এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক করখানার ক্যাপ বাস্তবায়ন প্রকল্পের পিসিআর প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি উক্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত প্রেরণের জন্য সভা-কে নির্দেশনা প্রদান করেন।

**৫.১. সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ডাইফ/জিআইজেড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সংশোধিত পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে।

খ. শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত শ্রম ভবন নির্মান প্রকল্প এবং ০৬ টি জেলা কার্যালয় নির্মান প্রকল্পের পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে ।

**বাস্তবায়নে: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা।**

**০৬. বিবিধ:**

সভায় প্রকল্প ডকুমেন্ট যথাযথভাবে প্রস্তুতি ও যথানিয়মে প্রকল্প বাস্তবায়ন বিষয়ক নিম্নোক্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা / আধাসরকারি পত্র বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক. সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক নির্দেশনার আলোকে ক্রয়কারী কার্যালয় প্রধান/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক/ক্রয়কারীদের করণীয় বিষয়ক নির্দেশনা;

খ. এএমএস সফটওয়্যারে সঠিকভাবে ইনপুট প্রদানের নির্দেশনা বিষয়ে কার্যক্রম বিভাগের সদস্য মহাদয়ের গত ১৭-০১-২০২২ তারিখের আধাসরকারি পত্র এবং

গ. প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়ন পর্যায়ের সমস্যা ও ত্রুটি-বিচ্যুতি এবং সমাধানের নির্দেশনা বিষয়ে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব মহোদয়ের গত ১৩-০১-২০২২ তারিখের আধাসরকারি পত্র।

**০৭.** সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বেগম মন্নুজান সুফিয়ান
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১.১১

তারিখ: ২ ফাল্গুন ১৪২৮
১৫ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৬) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৭) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১) অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
১৩) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, , বিজয় নগর, ঢাকা।
১৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৫) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
১৬) প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৭) প্রকল্প পরিচালক, রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
১৮) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৯) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
২০) যুগ্ম মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
২১) জনাব মোঃ আরেফিন তালুকদার, কর্ণেল (প্রকল্প পরিচালক), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।
২২) জনাব মোঃ রাশীদুল আলম, লে. কর্ণেল (অব:), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।
২৩) Mr. Md. Saidul Islam, Sr. Program Officer, ILO , Dhaka.
২৪) Mr. Masumul Alam, Program Officer (OSH), ILO Head office , Dhaka.
২৫) Mr. Mansur Asad, PO , ILO Head office, Dhaka.
২৬) জনাব আফরোজা বেগম, সিএএফও , সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২৭) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২৮) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি সংক্রান্ত প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৩০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৩১) উপ- প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব